



আজ রাতেই পূর্ণগ্রাস চন্দ্রগ্রহণ, বাংলাদেশ থেকেও দেখা যাবে



সংগৃহীত ছবি

বাংলাদেশসহ বিশ্বের বিভিন্ন অঞ্চলে আজ রাত থেকে ভোর পর্যন্ত দেখা যাবে পূর্ণগ্রাস চন্দ্রগ্রহণ। বাংলাদেশ সময় রাত ৯টা ২৮ মিনিটে শুরু হয়ে এটি টানা ৭ ঘণ্টা ২৭ মিনিট স্থায়ী হবে। আজ রোববার বিশ্বের বিভিন্ন অঞ্চলে দেখা যাবে পূর্ণগ্রাস চন্দ্রগ্রহণ। আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানিয়েছে, আকাশ মেঘমুক্ত থাকলে বাংলাদেশ থেকেও এ দৃশ্য সরাসরি দেখা সম্ভব হবে।

গ্রহণটি বাংলাদেশ সময় রাত ৯টা ২৮ মিনিটে শুরু হয়ে চলবে আগামীকাল সোমবার (৮ সেপ্টেম্বর) ভোর পর্যন্ত। মোট ৭ ঘণ্টা ২৭ মিনিট স্থায়ী হবে এই বিরল জ্যোতির্বিজ্ঞানিক ঘটনা। পূর্ণগ্রাস চন্দ্রগ্রহণ দেখা যাবে পূর্বে ইন্দোনেশিয়ার হিলা দ্বীপ থেকে পশ্চিমে কেনিয়ার মোম্বাসা বন্দর পর্যন্ত বিস্তৃত এলাকায়। এ অঞ্চলের বাইরের অংশে আংশিক চন্দ্রগ্রহণও পর্যবেক্ষণ করা যাবে।

তবে উত্তর আমেরিকা, ক্যারিবীয় অঞ্চল এবং দক্ষিণ আমেরিকার প্রায় ৯০ শতাংশ এলাকায় এ গ্রহণ দৃশ্যমান হবে না বলে জানানো হয়েছে।

সূত্র: বাসস

LENS ASIA